



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-২৭৭

## আন্তর্জাতিক শান্তিরক্ষী দিবস পালনে আরএমপি'র বর্ণাঢ্য আয়োজন

রাজশাহী, ১৪ জ্যৈষ্ঠ (২৮ মে):

আগামীকাল ২৯ মে আন্তর্জাতিক শান্তিরক্ষী দিবস। জাতিসংঘের সকল সদস্য রাষ্ট্রের ন্যায় বাংলাদেশেও যথাযোগ্য মর্যদায় দিবসটি পালিত হবে। এ উপলক্ষে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ নানা কর্মসূচি গ্রহণ করেছে।

ওই দিন সকাল দশটায় রাজশাহী সার্কিট হাউজের সামনে থেকে এক বর্ণাঢ্য র্যালি বের হবে। র্যালি শেষে আরএমপি সদর দপ্তরে দিবসটির উপর আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, ২০০৩ সাল থেকে দিবসটি পালিত হয়ে আসছে।

.....  
তৌহিদ/আতিক/রুহুল/২০২৪/১০.৫০ঘ.